

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির জানুয়ারী/২০২২ মাসের সভার কার্যবিবরণী :-

সভাপতিঃ জনাব মোছাঃ নাজনীন নাহার
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

স্থানঃ- উপজেলা প্রাণিসম্পদ অফিস, চৌগাছা যশোর।

তারিখঃ ১৩/০১/২০২২ইং সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সন্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা পৃথক ভাবে সংরক্ষিত।

অধ্যকার সভায় মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সন্মানিত সভাপতি মহোদয় জনাব মোছাঃ নাজনীন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ চৌগাছা, যশোর উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

সভার শুরুতে জনাব প্রভাষ চন্দ্র গোস্বামী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চৌগাছা, যশোর ও সদস্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, সভাকে জানান যে ২০২১-২০২২ অর্থ বছরে চৌগাছা উপজেলায় গরুর এফএমডি রোগমুক্ত করার লক্ষ্যে উপজেলা পরিষদ চৌগাছার অধীন "বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায়" ০১টি এফএমডি ভ্যাকসিন ট্রয়ের প্রকল্প হাতে নেওয়া যেতে পারে।

সন্মানিত সদস্য জনাব মোঃ আবুল কাসেম, চেয়ারম্যান, চৌগাছা ইউনিয়ন পরিষদ, চৌগাছা, যশোর ও সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি, সন্মানিত সদস্য সচিব, জনাব প্রভাষ চন্দ্র গোস্বামী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, চৌগাছা, যশোরের প্রকল্পের প্রস্তাবনার পক্ষে একমত পোষণ করে সভাকে জানান যে, এফএমডি রোগ মুক্তকরণ প্রকল্পের কাজ হাতে নিলে প্রান্তিক পর্যায়ে গরুর খামারীরা যথেষ্ট উপকৃত হবে যা গরুকে সুস্থ সবল রাখতে এবং মাংস ও দুধ উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণে যথেষ্ট সহায়ক হবে। অতঃপর সন্মানিত সদস্য জনাব মোঃ শাহিনুর রহমান শাহিন, চেয়ারম্যান, নারায়নপুর ইউনিয়ন পরিষদ, এফএমডি প্রকল্পের প্রস্তাবনার সাথে একমত পোষণ করেন এবং প্রকল্পটি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সন্মানিত সভাপতি মহোদয়ের হস্তক্ষেপ কামনা করেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় কমিটির সন্মানিত সভাপতি মহোদয় সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/
(মোছাঃ নাজনীন নাহার)
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ চৌগাছা, যশোর
ও সভাপতি
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির।
তারিখঃ ১৩/০১/২০২২

স্মারক নং-৩৩.০১.৪১১১.০০০.৫৫.০০২.২২-৩৪/৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হ'লঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চৌগাছা, যশোর।

২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।

৩-৮। -----সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।

(প্রভাষ চন্দ্র গোস্বামী)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চৌগাছা ও সদস্য সচিব,
মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির।